দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 JAN 1990 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

05

# সমস্যা জর্জরিত ৪টি কলেজে লেখাপড়া ব্যাহত

পটুয়াখালী ও পিরোজপুর সরকারী মহিলা কলেজ, কেরানীগঞ্জের রামেরকান্দা কলেজ ও নবাবগঞ্জের গালিমপুর কলেজে নানা সমস্যা বিরাজ করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**পটুয়াখালী ঃ** পটুয়াখালী সরকারী মহিলা কলেজটিতে শিক্ষকের অভাবে শিক্ষা প্রতিষ্ঠানটিতে ছাত্রীদের পড়াশুনা প্রায় অচলাবস্থায় পৌঁছাইয়াছে। কলেজে ৪৪ জন শিক্ষকের প্রয়োজন থাকিলেও বর্তমানে ঐ কলেজে মাত্র ১৫ জন শিক্ষক আছেন।

কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ শিক্ষকদের আবাসের কোন সুব্যবস্থা নাই। ৩২ বছর আগে নির্মিত দুইটি জরাজীর্ণ ও সংস্কারবিহীন ভবনে কয়েকজন শিক্ষক কোনওমতে বাস করেন। কিছু গুরুত্বপূর্ণ কর্মচারীর পদও এই কলেজে শূন্য। কলেজে বিজ্ঞানে

(১৪শ পৃঃ দ্রঃ)

## সমস্যা জর্জরিত ৪টি কলেজ

(৩য় পৃঃ পর)

ডিগ্রী ক্লাস নাই বলিয়া ছাত্রীদের এজন্য অন্য সহশিক্ষামূলক কলেজে যাইতে হয়।

যাতায়াতে অসুবিধা ও আবাসিক ব্যবস্থার অভাবে দেশের অন্যান্য স্থান হইতে শিক্ষকেরা এখানে আসিতে চান না বলিয়া কলেজের অধ্যক্ষ জানান।

**পিরোজপুর ঃ** পিরোজপুর সরকারী মহিলা কলেজে দীর্ঘদিনেও উন্নয়নের ছোঁয়া লাগে নাই। কলেজে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নাই। কলেজে গৃহ সমস্যা প্রকট। প্রায় একশত বছর পূর্বে নির্মিত ব্যবহারের অযোগ্য একটি ভবনে কলেজের যাবতীয় কাজ-কর্ম চলিতেছে। বর্ষার সময় ছাদ চুয়াইয়া পানি পড়ে। ভবনটির দোতলা ছাত্রী নিবাস হিসাবে ব্যবহৃত হইতেছে। ছাত্রীরা বিপদের ঝুঁকি লইয়া সেখানে বসবাস করিতেছে। ছাত্রীনিবাসের জন্য দারোয়ানের কোন পদ নাই। কলেজে প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব রহিয়াছে। নামে মাত্র একটি লাইব্রেরী আছে।

**নবাবগঞ্জ (ঢাকা) :** একটি টিনের ঘরে কোন রকমে কেরানীগঞ্জ উপজেলার রামেরকান্দা কলেজের ক্লাস চলিতেছে। একতলা পাকা ভবনটি ঢাকা জেলা পরিষদ চেয়ারম্যান সাইফুর রহমানের অনুদানে তিনতলা করার কাজ চলিতেছে। কলেজে বিজ্ঞানাগার, শৌচাগার, খাবার পানি, আসবাবপত্র ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব রহিয়াছে।

অপরদিকে নবাবগঞ্জ উপজেলার গালিমপুর কলেজের প্রয়োজনীয় বেঞ্চ, চেয়ার, আলমারী ও শ্রেণীকক্ষের অভাব রহিয়াছে। এলাকার সমাজসেবী ও শিল্পপতিদের সাহায্য-সহযোগিতায় কোন রকমে কলেজটি চলিতেছে।